



শতবর্ষের গান

কথা ও সুর — শ্রী সত্যনারায়ণ দাস
কণ্ঠে — শ্রী প্রতীক চক্রবর্তী

“জ্ঞান - ভক্তি - কর্মের”, আদর্শ বন্ধনে,
শতবর্ষের গড়া এই সমিতি—
সোনালী স্বপ্ন চোখে, দৃঢ় আশা বুকে রেখে,
সংকল্পে গড়া সমিতি;
সে যে আমাদের গরবের সমিতি,
সে যে শতবর্ষের এই সমিতি,
সে যে রামকৃষ্ণপুর ব্যায়াম সমিতি।।

(ওই), বন্ধুর পথে পথে চলে,
শত বাধা পায়ে ঠেলে ঠেলে;
দুরাশার ঘন মেঘ সব বাধা করে শেষ,
উজ্জ্বল দিন খুঁজে পেয়েছি,
সে যে আমাদের গরবের সমিতি,
সে যে শতবর্ষের এই সমিতি,
এই রামকৃষ্ণপুর ব্যায়াম সমিতি।।

(সমিতির), স্বর্গত বীরাচারী জনে,
প্রণতি জানাই (ক্ষণে-ক্ষণে), এই ক্ষণে,
যাঁদের যতনে সে স্নেহ-প্রীতি প্রত্যাশে,
মহান হয়েছে এই সমিতি।
সে যে আমাদের গরবের সমিতি,
সে যে শতবর্ষের এই সমিতি,
এই রামকৃষ্ণপুর ব্যায়াম সমিতি।।

(এই সমিতি), সেবার মন্ত্রপথে চলে, নবজাগরণ দেখা মেলে,
সমাজের আধারেতে, উপমার আলোকেতে,
প্রজ্জ্বলিত তার দ্যুতি;
সে যে আমাদের গরবের সমিতি,
সে যে শতবরষের এই সমিতি,
এই রামকৃষ্ণপুর ব্যায়াম সমিতি ॥

(এই সমিতি), ক্রীড়া আর ব্যায়ামে সে ধন্য,
কৃষ্টি — কলাতে সে অনন্য;
নৃত্যের লহরীতে, অঙ্কনে বিকশিতে;
সকল হৃদয় করি হরষি।
সে যে আমাদের গরবের সমিতি,
সে যে শতবরষের এই সমিতি,
এই রামকৃষ্ণপুর ব্যায়াম সমিতি ॥

